01 SEP 2016

দৈনিক
আমাদের সময়

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# জঙ্গিবাদবিরোধী জাতীয় শিক্ষা কনভেনশনে ছয় দফা ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ●

ধর্মের নামে উগ্রবাদ ও জঙ্গিবাদ প্রতিহত এবং আগামী প্রজন্মকে এসব থেকে বিরত রাখার বিভিন্ন উপায়সহ শিক্ষকসমাজের পক্ষ থেকে ছয় দফা ঘোষণা করা হয়েছে। গতকাল রাজধানীর জাতীয় জাদুঘরে জঙ্গিবাদবিরোধী জাতীয় শিক্ষা কনভেনশন থেকে এই ঘোষণা দেওয়া হয়। ঘোষণা উপস্থাপন করেন কনভেনশন উদযাপন কমিটির সদস্যসচিব ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব এএসএম মাকসুদ কামাল। প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ২৩টি শিক্ষক সংগঠন এই ছয় দফার সঙ্গে একমত পোষণ করে।

কনভেনশন উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এতে বক্তব্য দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য একে আজাদ চৌধুরী, বর্তমান উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিকসহ বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতারা। বক্তারা সকল শিক্ষা প্রতিষ্ঠানে ঘোষিত ছয় দফা কার্যকরের অনুরোধ জানান। ছয় দফার মধ্যে রয়েছে– প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনা ধারণ করে কোনোরকম উগ্র ধর্মীয় মতবাদ লালন ও প্রচার থেকে বিরত থাকা; ধর্মের নামে উগ্রবাদ ও জঙ্গিবাদ উসকে দেওয়ার কর্মকাণ্ড প্রশ্রয় না দেওয়া; শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত সমাবেশ (অ্যাসেমব্লি), খেলাধুলা, বিতর্কচর্চা, সাহিত্য-সাংস্কৃতিক কর্মপ্রক্রিয়া, স্কাউটসহ সহপাঠ্যক্রম কর্মসূচি জোরদার করা; বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিবিষয়ক বাধ্যতামূলক কোর্স চালু করা; শিক্ষার্থীদের প্রতি শিক্ষকদের বন্ধুত্বপূর্ণ আচরণ এবং অভিভাবকদের সন্তানদের পর্যাপ্ত সময় দিয়ে সৌহার্দপূর্ণ আচরণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা।